দৈনিক ইত্তেফাক

তারিখ ... OCT 23 1999
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭

28

# ল্যাঙ্গুয়েজ এক্সারসাইজ সিলেবাসে অন্তর্ভুক্ত করা হউক

নূতন পাঠক্রম অনুযায়ী নবম-দশম শ্রেণীর ইংরেজী বিষয়ে কমিউনিকেটিভ মেথড চালু করা হইয়াছে। শিক্ষার্থীদের ইংরেজী ভাষা জ্ঞান বা দক্ষতা বৃদ্ধির জন্য ইহা গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ। তবে ভাষা দক্ষতা বাড়ানোর জন্য ভাষা চর্চার বিকল্প নাই। কিন্তু উক্ত শ্রেণীর ইংরেজী ভাষা শিক্ষা তথা Vocabulary বৃদ্ধির মূল উদ্দেশ্য ব্যাহত হইতেছে। ফলে ইংরেজী পাঠ্যপুস্তকে যে সকল ল্যাঙ্গুয়েজএক্সারসাইজ দেওয়া হইয়াছে, সেগুলি সিলেবাসে অন্তর্ভুক্ত করা হয় নাই। সংগত কারণে শিক্ষকগণ শ্রেণী পঠন-পাঠনে সেগুলি এড়াইয়া যাইতেছেন। ফলে শিক্ষার্থীদের ইংরেজী প্রথম পত্রে অন্তত ২০ নম্বরের স্ট্রাকচারাল ল্যাঙ্গুয়েজ এক্সারসাইজ (বিভিন্ন রকম) সিলেবাসে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। তাহাতে শিক্ষার্থিগণ নম্বর প্রাপ্তির আশায় স্ট্রাকচারাল ল্যাঙ্গুয়েজ অনুশীলন করিতে আগ্রহী হইবে।। এমতাবস্থায়, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন এই যে, ২০০১ সালের এসএসসি পরীক্ষার সিলেবাসে ল্যাঙ্গুয়েজ এক্সারসাইজ অন্তর্ভুক্ত করা হউক।

**চন্দন কুমার সরকার,**
সহকারী শিক্ষক,
বারুয়াখালী উচ্চ বিদ্যালয়,
নবাবগঞ্জ, ঢাকা।